

2017

BENGALI-Paper-II

Time Allowed—3 Hours

Full Marks—200

If the questions attempted are in excess of the prescribed number, only the questions attempted first up to prescribed number shall be valued and the remaining ones ignored.

All questions carry equal marks.

(উত্তর সাধু বা চলিত যে কোনো একটি ভাষারীতিতে হওয়া বাঞ্ছনীয়)

ক-বিভাগ

(যে কোনো তিনটি প্রশ্নের উত্তর লিখুন)

80x3

- ১। 'মাথুর' শব্দটির উৎস উল্লেখ করে এর অর্থটি লিখুন। বৈষ্ণব পদাবলী সাহিত্যে মাথুর পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা কে? তিনি কোন ভাষায় মাথুর পর্যায়ের পদগুলি লিখেছেন? আলোচ্য পর্যায়ের পদরচনায় তাঁর কৃতিত্ব উদাহরণসহ আলোচনা করুন।
- ২। চণ্ডীমঙ্গল কাব্যের আখ্যেটিক খণ্ডে বর্ণিত 'ফুল্লরার বারমাস্যা' অংশে প্রতিফলিত তৎকালীন সমাজচিত্রটি বিস্তারে বর্ণনা করুন।
- ৩। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত 'রজনী' উপন্যাসটির নামকরণের সার্থকতা বিষয়ে আপনার অভিমত লিপিবদ্ধ করুন।
- ৪। 'মেঘনাদবধ কাব্য'-কে উনবিংশ শতকের বিদ্রোহী বাঙালির জীবনবেদ বলা হয়—আলোচনা করুন, পক্ষে বা বিপক্ষে যুক্তি-উদাহরণসহ।
- ৫। রবীন্দ্রনাথ ঠাকুর প্রণীত 'বিচিত্র প্রবন্ধ'র অন্তর্গত 'কেকাধ্বনি' রচনাটির বক্তব্য নিজের ভাষায় লিপিবদ্ধ করুন।

খ-বিভাগ

(যে কোনো দুটি প্রশ্নের উত্তর লিখুন)

80x2

- ১। 'আমার মনে হয়, এ দেশে লাইব্রেরির সার্থকতা হাসপাতালের চাইতে কিছু কম নয়, এবং স্কুলকলেজের চাইতে কিছু বেশি।'—প্রমথ চৌধুরি রচিত 'বই পড়া' প্রবন্ধের অন্তর্গত উপরোক্ত বক্তব্যবিষয়ে আলোচনা করুন।
- ২। 'হারানের নাতজামাই' গল্পে লেখক মানিক বন্দ্যোপাধ্যায় সাধারণ জনতার যে সংঘবদ্ধ প্রতিরোধের ছবি আঁকলেন, তা কি কোনো বিশেষ আদর্শপ্রসূত—নাকি নিতান্তই বেঁচে থাকার লড়াই—এ বিষয়ে যুক্তিসহ আলোচনা করুন।
- ৩। 'আট বছর আগের একদিন' কবিতায় জীবনানন্দ দাশ নৈরাশ্যবাদী, নাকি বাস্তববাদী ও আশাবাদী—আপনার বক্তব্য লিপিবদ্ধ করুন।